

যীশুর জীবনে স্ত্রীলোক এবং শিশুরা



যীশু নিজের চেয়ে যিরূশালেমের স্ত্রীলোক এবং শিশুদের জন্য বেশী উদ্দিগ্ন ছিলেন

পরে তাহারা তাঁহাকে লইয়া যাইতেছে, ইতিমধ্যে শিমোন নামে এক জন কুরীণীয় লোক পল্লী গ্রাম হইতে আসিতেছিল, তাহারা তাহাকে ধরিয়া তাহার স্কন্ধে ক্রুশ রাখিল, যেন সে যীশুর পশ্চাৎ পশ্চাৎ তাহা বহন করে। আর অনেক লোক তাঁহার পশ্চাৎ পশ্চাৎ চলিল; এবং অনেক স্ত্রীলোক ছিল, তাহারা তাঁহার জন্য হাহাকার ও বিলাপ করিতেছিল। কিন্তু যীশু তাহাদের দিকে ফিরিয়া কহিলেন, ওগো যিরূশালেমের কন্যাগণ, আমার জন্য কঁাদিও না, বরং আপনাদের এবং আপন আপন সন্তানসন্ততির জন্য কঁাদ। লুক ২৩:২৬-২৮

যীশু শিশুদেরকে সাদরে গ্রহণ করেছিলেন

যে কেহ আমার নামে ইহার মত কোন শিশুকে গ্রহণ করে, সে আমাকেই গ্রহণ করে, আর যে কেহ আমাকে গ্রহণ করে, সে আমাকে নয়, কিন্তু যিনি আমাকে প্রেরণ করিয়াছেন, তাঁহাকেই গ্রহণ করে। মার্ক ৯:৩৭

যীশু বললেন স্বর্গরাজ্যে প্রবেশের জন্য আমাদেরকে আবশ্য্যই ছোট শিশুর মত হতে হবে

পরে লোকেরা কতকগুলি শিশুকে তাঁহার নিকটে আনিল, যেন তিনি তাহাদিগকে স্পর্শ করেন; তাহাতে শিষ্যেরা উহাদিগকে ভর্ৎসনা করিলেন। কিন্তু যীশু তাহা দেখিয়া অসন্তুষ্ট হইলেন, আর তাহাদিগকে কহিলেন, শিশুদিগকে আমার নিকটে আসিতে দেও, বারণ করিও না; কেননা ঈশ্বরের রাজ্য এই মত লোকদেরই। আমি তোমাদিগকে সত্য বলিতেছি, যে ব্যক্তি শিশু বৎ হইয়া ঈশ্বরের রাজ্য গ্রহণ না করে, সে কোন মতে তাহাতে প্রবেশ করিতে পারিবে না। পরে তিনি তাহাদিগকে কোলে লইলেন, ও তাহাদের উপরে হস্তার্পণ করিয়া আশীর্বাদ করিলেন। মার্ক ১০:১৩-১৬

যীশু ক্রুশের উপরে থেকেও তাঁর মায়ের জন্য ব্যবস্থা করেছিলেন

বাস্তবিক সেনারা তাহাই করিল। আর যীশুর ক্রুশের নিকটে তাঁহার মাতা, ও তাঁহার মাতার ভগিনী, ক্লোপার (স্ত্রী) মরিয়ম, এবং মগদলীনী মরিয়ম, ইহারা দাঁড়াইয়াছিলেন। যীশু মাতাকে দেখিয়া, এবং যাহাকে প্রেম করিতেন, সেই শিষ্য নিকটে দাঁড়াইয়া আছেন দেখিয়া, মাতাকে কহিলেন, হে নারি, ঐ দেখ, তোমার পুত্র। পরে তিনি সেই শিষ্যকে কহিলেন, ঐ দেখ, তোমার মাতা। তাহাতে সেই দণ্ড অবধি ঐ শিষ্য তাঁহাকে আপন গৃহে লইয়া গেলেন। যোহন ১৯:২৫-২৭

স্ত্রীলোকেরা যীশুর সমাধিকার্যের সাড়ী ছিলেন

আর যে স্ত্রীলোকেরা তাঁহার সহিত গালীল হইতে আসিয়াছিলেন, তাঁহারা পশ্চাৎ পশ্চাৎ গিয়া সেই কবর, এবং কি প্রকারে তাঁহার দেহ রাখা যায়, তাহা দেখিলেন। লুক ২৩:৫৫

যীশু পুনরুত্থানের পর প্রথমে স্ত্রীলোকদের দেখা দিয়েছিলেন

মরিয়ম রোদন করিতে করিতে বাহিরে কবরের কাছে দাঁড়াইয়া রহিলেন; এবং রোদন করিতে করিতে হেঁট হইয়া কবরের ভিতরে দৃষ্টিপাত করিলেন; আর দেখিলেন, শুক্ল বস্ত্র পরিহিত দুই জন স্বর্গদূত যীশুর দেহ যে স্থানে রাখা হইয়াছিল, এক জন তাঁহার শিয়রে, অন্য জন পায়ে দিকে বসিয়া আছেন। তাঁহারা তাঁহাকে বলিলেন, নারি, রোদন করিতেছ কেন? তিনি তাহাদিগকে বলিলেন, লোকে আমার প্রভুকে লইয়া গিয়াছে; কোথায় রাখিয়াছে, জানি না। ইহা বলিয়া তিনি পশ্চাৎ দিকে ফিরিলেন, আর দেখিলেন, যীশু দাঁড়াইয়া আছেন, কিন্তু চিনিতে পারিলেন না যে, তিনি যীশু। যীশু তাঁহাকে বলিলেন, নারি, রোদন করিতেছ কেন? কাহার অনুেষণ করিতেছ? তিনি তাঁহাকে বাগানের মাগি মনে করিয়া কহিলেন, মহাশয়, আপনি যদি তাঁহাকে লইয়া গিয়া থাকেন, আমায় বলুন, কোথায় রাখিয়াছেন; আমিই তাঁহাকে লইয়া যাইব। যীশু তাঁহাকে বলিলেন, মরিয়ম। তিনি ফিরিয়া ইব্রীয় ভাষায় তাঁহাকে কহিলেন; রব্বুণী! ইহার অর্থ হে গুরু। যীশু তাঁহাকে কহিলেন, আমাকে স্পর্শ করিও না, কেননা এখনও আমি উর্ধ্ব পিতার নিকটে যাই নাই; কিন্তু তুমি আমার ভ্রাতৃগণের কাছে গিয়া তাহাদিগকে বল, যিনি আমার পিতা ও তোমাদের পিতা, এবং আমার ঈশ্বর ও তোমাদের ঈশ্বর, তাঁহার নিকটে আমি উর্ধ্ব যাইতেছি। তখন মগদলীনী মরিয়ম শিষ্যগণের নিকটে গিয়া এই সংবাদ দিলেন, আমি প্রভুকে দেখিয়াছি, আর তিনি আমাকে এই কথা বলিয়াছেন। যোহন ২০:১১-১৮

যীশু মার্থাকে ও মরিয়মকে প্রেম করিতেন

যীশু মার্থাকে ও তাঁহার ভগিনীকে এবং লাসারকে প্রেম করিতেন। যোহন ১১:৫

স্ত্রীলোকেরা যীশুকে সাহায্য করেছিল

ইহার পরেই তিনি ঘোষণা করিতে করিতে এবং ঈশ্বরের রাজ্যের সুসমাচার প্রচার করিতে করিতে নগরে নগরে ও গ্রামে গ্রামে ভ্রমণ করিলেন, আর তাঁহার সঙ্গে সেই বারো জন, এবং যাহারা দুষ্ট আত্মা কিম্বা রোগ হইতে মুক্ত হইয়াছিলেন, এমন কয়েক জন স্ত্রীলোক ছিলেন, মগদলীনী নাম্নী মরিয়ম, যাহা হইতে সাতটি ভূত বাহির হইয়াছিল, যোহানা, যিনি হেরোদের বিষয়াধ্যক্ষ কূষের স্ত্রী, এবং শোশননা ও অন্য অনেক স্ত্রীলোক ছিলেন; তাহারা আপন আপন সম্পত্তি হইতে তাঁহাদের পরিচর্যা করিতেন। লুক ৮:১-৩

যীশু মরিয়মের কাছে খবর শুনে কাঁদলেন

যীশু যেখানে ছিলেন, মরিয়ম যখন সেখানে আসিলেন, তখন তাঁহাকে দেখিয়া তাঁহার চরণে পড়িয়া বলিলেন, প্রভু, আপনি যদি এখানে থাকিতেন, আমার ভাই মরিত না। যীশু যখন দাঁড়াইলেন, তিনি রোদন করিতেছেন, ও তাঁহার সঙ্গে সঙ্গে যে যিহূদীরা আসিয়াছিল, তাঁহারাও রোদন করিতেছে, তখন আত্মাতে উত্তেজিত হইয়া উঠিলেন ও উদ্দিগ্ন হইলেন। আর কহিলেন, তাহাকে কোথায় রাখিয়াছ? তাহারা কহিলেন, প্রভু, আসিয়া দেখুন। যীশু কাঁদিলেন। তাহাতে যিহূদীরা কহিল, দেখ, ইনি তাঁহাকে কেমন ভালবাসিতেন। যোহন ১১:৩১-৩৬

Women and children in the life of Jesus



Jesus loved Martha and Mary

Jesus loved Martha and her sister and Lazarus. John 11:5

Women supported Jesus

Jesus traveled about from one town and village to another, proclaiming the good news of the kingdom of God. The Twelve disciples were with him, and also some women who had been cured of evil spirits and diseases: Mary (called Magdalene) from whom seven demons had come out; Joanna the wife of Cuza, the manager of Herod's household; Susanna; and many others. These women were helping to support Jesus and the disciples out of their own means. Luke 8:1-3

Jesus wept at Mary's news

When Mary reached the place where Jesus was and saw him, she fell at his feet and said, "Lord, if you had been here, my brother Lazarus would not have died." When Jesus saw her weeping, he was deeply moved in spirit and troubled. "Where have you laid him?" he asked. "Come and see, Lord," they replied. Jesus wept. John 11:32-36

Jesus was more concerned for the women and children of Jerusalem than for himself

A large number of people followed Jesus toward the place of crucifixion, including women who mourned and wailed for him. Jesus turned and said to them, "Daughters of Jerusalem, do not weep for me; weep for yourselves and for your children." Luke 23:26-28

Jesus welcomed children

"Whoever welcomes one of these little children in my name welcomes me; and whoever welcomes me does not welcome me but the one who sent me." Mark 9:37

Jesus said we must become like a little child to enter heaven

People were bringing little children to Jesus to have him touch them, but the disciples rebuked them. When Jesus saw this, he was indignant. He said to them, "Let the little children come to me, and do not hinder them, for the kingdom of God belongs to such as these. I tell you the truth, anyone who will not receive the kingdom of God like a little child will never enter it." And he took the children in his arms, put his hands on them and blessed them. Mark 10:13-16

www.on-tract.com

Jesus provided for his mother while on the cross

Near the cross of Jesus stood his mother. When Jesus saw his mother there, and the disciple whom he loved standing nearby, he said to his mother, "Dear woman, here is your son," and to the disciple, "Here is your mother." From that time on, this disciple took her into his home. John 19:25-27

Women witnessed Jesus' burial

The women who had come with Jesus from Galilee followed Joseph of Arimathea and saw the tomb and how Jesus' body was laid in it. Luke 23:55

Jesus first appeared to a woman after his resurrection

Mary stood outside the tomb crying. As she wept, she bent over to look into the tomb and saw two angels in white, seated where Jesus' body had been. They asked her, "Woman, why are you crying?" "They have taken my Lord away," she said, "and I don't know where they have put him." At this, she turned around and saw Jesus standing there, but she did not realize that it was Jesus. "Woman," he said, "why are you crying?" Thinking he was the gardener, she said, "Sir, if you have carried him away, tell me where you have put him, and I will get him." Jesus said to her, "Mary." She turned toward him and cried out "Teacher". Jesus said, "Do not hold on to me, for I have not yet returned to the Father." Mary Magdalene went to the disciples with the news: "I have seen the Lord!" And she told them that he had said these things to her. John 20:11-18